# সফটওয়্যারের কারুকাজ

### টিভি দেখুন ফায়ারফক্সে

ওয়েবসাইট দেখার জনপ্রিয় ব্রাউজার মজিলা ফায়ারফক্স ব্যবহারকারী ইচ্ছে করলে সহজেই টিভি দেখতে পারেন। এজন্য 'টিভিফক্স' নামে একটি প্রোগ্রাম (অ্যাডঅনস) ব্রাউজারে ইনস্টল করতে হবে। প্রোগ্রামটি থেকে দুই হাজার ৭৮০ হাজার টিভি চ্যানেল অনলাইনে সরাসরি দেখা যাবে। প্রোগ্রামটি http:addons.mozilla.org/en-us/firefox/addon/11200 ঠিকানা থেকে ব্রাউজারে নামিয়ে নিন। এখন ফায়ারফক্স আবার চালু করতে ব্রাউজারের অ্যাড্রেসবারের নিচে সবুজ নীল রঙের টিভি আইকন এসেছে। নীল রঙের টিভির আইকনগুলিতে ইংরেজি বর্ণমালা অনুযায়ী পৃথিবীর বিভিন্ন দেশের নাম রয়েছে। এখান থেকে বিশ্বের বিভিন্ন দেশের টিভি চ্যানেল দেখতে পারবেন। সবুজ রঙের টিভির আইকনে বিনোদন, খেলা, সিনেমা, সংগীত, সংবাদ ইত্যাদি বিভিন্ন ক্যাটাগরি অনুযায়ী টিভি চ্যানেল রয়েছে। এখান থেকে পছন্দের ক্যাটাগরির টিভি চ্যানেল দেখতে পাবেন।

### ফেসবুক থেকে ছবির অ্যালবাম নামানো

ফেসবুকে একে একে হয়তো অনেক ছবির অ্যালবাম তৈরি করে ফেলেছেন। একেক অ্যালবামে অনেক ছবিও আপলোড করেছেন। কিন্তু একসাথে সেই ছবির অ্যালবাম নামাতে পারছেন না। আপনার কোনো বন্ধুর প্রোফাইল থেকে ছবির অ্যালবাম নামাতে চাইছেন, তাও পারছেন না। নামাতে গেলেই একটা একটা করে নামাতে হচ্ছে। আপনি চাইলে সব নামাতে পারেন। এ জন্য আপনাকে ফায়ারফক্সের একটি অ্যাডঅনস FacePAD ইনস্টল করতে হবে। https://addons.mozila.org/en-us/firefox/addon/8442/ ঠিকানায় গিয়ে অ্যাডঅনটি নামাতে পারবেন। অ্যাডঅনটি ইনস্টল হলে ফায়ারফক্স রিস্টার্ট দিন। এবার ফেসবুকে লগইন করে আপনার প্রোফাইলে প্রবেশ করে photos ট্যাবে গিয়ে যে অ্যালবামটি নামাতে চান, সেটির ভেতর প্রবেশ না করে অ্যালবামের নামের ওপর মাউস রেখে রাইট ক্লিক করুন। দেখবেন একটা অপশন 'Download album with FacePAD' দেখা যাবে। সেটি সিলেক্ট করে ডাউনলোড শুরু করুন।

**মীর তৌফিক মুস্তফা**
মহাখালী, ঢাকা

### উইন্ডোজ এক্সপ্লোরারে সব ড্রাইভ প্রদর্শন করা

সিস্টেম সেটিংয়ের ওপর নির্ভর করে অনেক সময় সব ড্রাইভ দেখা নাও যেতে পারে যদি সেগুলো খালি থাকে। যেমন— মেমরি কার্ড রিডার। এতে বিব্রতবোধ করলে নিচে বর্ণিত ধাপগুলো সম্পন্ন করুন, তাহলে উইন্ডোজ এক্সপ্লোরারে সব ড্রাইভ দেখা যাবে।

* উইন্ডোজ এক্সপ্লোরার বাদ করে Alt বাটন চেপে ধরুন শীর্ষ মেনু উন্মোচন করার জন্য।

* Tools→Folder Options সিলেক্ট করে View ট্যাবে ক্লিক করুন।

* 'Advanced settings'-এ অন্তর্গত 'Hide empty drives in the computer folder' বক্স আনচেক করুন। এবার Ok-তে ক্লিক করলে সংযুক্ত সব সময় দেখা যাবে।

### মাল্টিপল ফাইল সিলেক্ট করার জন্য চেক বক্স ব্যবহার করা

উইন্ডোজ এক্সপ্লোরারে কোনো অপারেশনের জন্য যেমন— মাল্টিপল ফাইল কপি, মুভ বা ডিলিট করার জন্য মাল্টিপল কী ও মাউস ব্যবহার করা হয় তেমনি ctrl কী চেপে কাঙ্ক্ষিত প্রতিটি ফাইলে ক্লিক করতে হয় সিলেক্ট করার জন্য।

যদি মাউসকেন্দ্রিক ব্যবহারকারী হয়ে থাকেন, তাহলে উইন্ডোজ ৭-এ মাউস ব্যবহার করে মাল্টিপল ফাইল সিলেক্ট করার জন্য আরেকটি উপায় রয়েছে চেক বক্সের মাধ্যমে। এজন্য নিচে বর্ণিত ধাপগুলো সম্পন্ন করুন।

* এক্সপ্লোরারে Organize-এ ক্লিক করে 'Folder and search options' সিলেক্ট করুন।

* View ট্যাবে ক্লিক করুন।

* Advanced settings-এ ক্লিক করে স্ক্রল ডাউন করে 'Use check boxes to select items' চেক করুন এবং Ok-তে ক্লিক করুন।

* এরপর যখনই কোনো ফাইলের ওপর দিয়ে মাউস নিয়ে যাবেন উইন্ডোজ এক্সপ্লোরারে একটি চেক বক্স আবির্ভূত হবে। এটি সিলেক্ট করা কারুকাজ বিভাগে লিখুন হওয়ার পর চেকবক্স পাশেই থাকবে। যদি আনচেক করেন তাহলে এই বক্স অদৃশ্য হয়ে যাবে।

**জাহাঙ্গীর হোসেন**
চাষাঢ়া, নারায়ণগঞ্জ

### টাস্কবার প্রিভিউয়ের অপেক্ষাকাল কমানো

সাধারণত টাস্কবার উইন্ডো প্রিভিউ আবির্ভূত হয় ০.৪ সেকেন্ড পর, যাতে অসাবধানবশত মাউস নড়াচড়ার সাথে সাথে ওপেন না হয়, যদিও এতে মনে হয় সিস্টেম ধীরগতিসম্পন্ন হয়ে পড়েছে। ইচ্ছে করলে কোনো সমস্যা ছাড়াই এই অপেক্ষাকাল কমাতে পারেন। উপরন্তু রেজিস্ট্রি ভ্যালু এ কাজকে সম্ভব করে তুলেছে।

* এটি মডিফাই করতে start মেনুর সার্চ ফিল্ডে regedit টাইপ করে এন্টার করুন। এবং ইউজার অ্যাকাউন্ট পারমিশনের ক্ষেত্রে yes করুন।

* এবার রেজিস্ট্রি 'HKEY_CURRENT_USER\Software\Microsoft\Windows\CurrentVersion\Explorer\Advanced' কী-তে নেভিগেট করুন।

* 'Edit→New→DWORD-value' দিয়ে নতুন এন্ট্রি 'ExtendedUIHoverTime' তৈরি করুন এবং ডাবল ক্লিক করে এটি ওপেন করুন এডিট করার জন্য।

* Basis হিসেবে সিলেক্ট করুন Decimal অপশন এবং মিলিসেকেন্ডে কাঙ্ক্ষিত ভ্যালু এন্টার করুন। এক্ষেত্রে ১০০ মিলিসেকেন্ডই যথেষ্ট দ্রুতগতির কমপিউটারের ক্ষেত্রে। আপনি ইচ্ছে করলে এই ভ্যালু ১০০০ পর্যন্ত বাড়াতে পারেন ধীরগতির ল্যাপটপ বা নেটবুকের জন্য। ডিফল্ট হিসেবে ৪০০ সেকেন্ড সেট করা থাকে।

* এবার Ok করে নিশ্চিত করুন এবং রেজিস্ট্রি উইন্ডো বন্ধ করুন।

* এবার রিস্টার্ট করলে পরিবর্তনের ফল বুঝতে পারবেন।

### ডিফ্র্যাগমেন্টেশন প্রসেসের সময় সিস্টেমকে দ্রুততর করা

যখনই ডিফ্র্যাগমেন্টেশন শুরু হয়, তখন সিস্টেম খুবই ধীরগতিসম্পন্ন হয়ে পড়ে এবং কদাচিৎ স্বাভাবিকভাবে কাজ করা যায়, তবে নিচে বর্ণিত কাজগুলো সম্পন্ন করলে সিস্টেম দ্রুততর হবে।

ডিফ্র্যাগমেন্টেশন প্রসেসের সময় একটি সিকিউরিটি প্রোগ্রাম সক্রিয় থাকতে পারে ভাইরাস স্ক্যানিংয়ের জন্য। ফলে উভয় প্রসেস একে অপরকে বিলম্বিত করে যেহেতু সিকিউরিটি প্রোগ্রাম ফাইলের প্রতিটি পরিবর্তনকে শনাক্ত করে। সতর্কতামূলক ব্যবস্থার ক্ষেত্রে এটি ভালো, তবে এতে যথেষ্ট কমপিউটিং পাওয়ার ব্যবহার হয়।

নিরাপদ কাজের পরিবেশের ব্যাপারে নিশ্চিত থাকার জন্য প্রথমে নেটওয়ার্ক ও ইন্টারনেট থেকে পিসিকে বিচ্ছিন্ন করুন। এজন্য ল্যাপটপে ব্যবহার করতে পারেন Wi-Fi সুইচ বা নেটওয়ার্ক ক্যাবল আনপ্লাগ করতে পারেন। এছাড়া কিছু সময়ের জন্য সংশ্লিষ্ট সংযোগ নিষ্ক্রিয় করতে পারেন। পরবর্তী ধাপে সিকিউরিটি মনিটরিংকে বন্ধ করতে পারেন টাস্কবারে কাঙ্ক্ষিত প্রোগ্রাম আইকনে ডান ক্লিক করে সিলেক্ট করুন stop/pause কমান্ড। এবার কাঙ্ক্ষিত টাইম পিরিয়ড উল্লেখ করে ডিফ্র্যাগমেন্টেশন প্রসেস সম্পন্ন করুন কোনো বাধা ছাড়াই। ফলে এ সময় অফিস প্রোগ্রাম বা মিডিয়া ফাইল নিয়ে কাজ করতে পারবেন। কাজ শেষে সিকিউরিটি প্রোগ্রাম আবার সক্রিয় করে পিসি রিস্টার্ট করুন।

**পাভেল**
সাতমাথা, বগুড়া

### কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা এটি প্রোগ্রাম/টিপস-এর লেখককে যথাক্রমে ১,০০০ টাকা, ৮৫০ টাকা ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপস-এর লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপস-এর জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে— **মীর তৌফিক মুস্তফা, জাহাঙ্গীর হোসেন** এবং **পাভেল**।